



বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ
সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা-১২২৯।
এটিএম (সদর দপ্তর) অধিশাখা
www.caab.gov.bd

তারিখ: ৩০ চৈত্র ১৪৩১ বঙ্গাব্দ
১৩ এপ্রিল ২০২৫ খ্রিস্টাব্দ

স্মারক নম্বর: ৩০.৩১.০০০০.০০০.১৪৪.০২.০০১৫.২১.১০৪

বিষয়: উইন্ড টারবাইন/টাওয়ার নির্মাণে উচ্চতার ছাড়পত্র প্রদান প্রসংগে।

সূত্র: আবেদনকারীর আবেদন, তারিখ:-২৫/০২/২০২৫খ্রিঃ।

উপর্যুক্ত বিষয়ে সূত্রোল্লিখিত পত্রের বরাতে (সংশ্লিষ্ট অন্যান্য সরকারী সংস্থা/বিভাগের অনাপত্তি সাপেক্ষে) প্রস্তাবিত স্থানে শমসেরনগর বিমানবন্দরের OLS এর আলোকে ANO (AD) A1 এবং ICAO Annex-14 এর নিয়ম অনুযায়ী নিম্নবর্ণিত ছকে প্রদর্শিত সর্বোচ্চ প্রাপ্য উচ্চতা কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত হয়েছে।

ক্রমিক নং	বিদ্যুৎ কেন্দ্রের টাওয়ার/স্থাপনা নির্মাণের প্রস্তাবিত স্থান/জমির তফসিল	শমসেরনগর বিমানবন্দরের এরোড্রাম এলিভেশন হতে অনুমোদিত উচ্চতা
(১)	ভৌগলিক স্থানাংক: ২৪.১২৮৫৮১ উত্তর, ৯১.৩২৭০৪৮ পূর্ব, মৌজা-আন্দিউড়া, দাগ নং-১৮২১, ১৪২২, মাধবপুর, হবিগঞ্জ।	১২০(একশত বিশ)ফুট
(২)	ভৌগলিক স্থানাংক: ২৪.১২৮২৪৮ উত্তর, ৯১.৩২৬৯৯৩ পূর্ব, মৌজা-আন্দিউড়া, দাগ নং-১৮২১, ১৪২২, মাধবপুর, হবিগঞ্জ।	১২০(একশত বিশ)ফুট
(৩)	ভৌগলিক স্থানাংক: ২৪.১২৭৬৮৪ উত্তর, ৯১.৩২৬৪৭০ পূর্ব, মৌজা-আন্দিউড়া, দাগ নং-১৮২১, ১৪২২, মাধবপুর, হবিগঞ্জ।	১২০(একশত বিশ)ফুট

- ০২। উইন্ড টারবাইন নির্মাণে নির্মাণকারী ব্যক্তি/গোষ্ঠী/সংস্থা/প্রতিষ্ঠানকে নিম্নবর্ণিত শর্ত সমূহ অবশ্যই পালন করতে হবেঃ
- (ক) উইন্ড টারবাইন/স্থাপনাসহ (সিঁড়িঘর, জলাধার, লিফট, এন্টেনা, খুঁটি, প্রতিবন্ধক বাতি ইত্যাদিসহ) মোট উচ্চতা অনুমোদিত উচ্চতার মধ্যে সীমাবদ্ধ রাখতে হবে।
- (খ) নির্মাণ কাজের জন্য ফ্রেন বা তদজাতীয় কোন যন্ত্রপাতি ব্যবহার করলে সেগুলোও উক্ত উচ্চতার মধ্যে সীমিত রাখতে হবে।
- (গ) উইন্ড টারবাইন'কে সমান সাতভাগ করতঃ নীচু হতে পর্যায়ক্রমে লাল/সাদা রং করতে হবে, উইন্ড টারবাইন এর চুড়ায় (প্রয়োজ্য ক্ষেত্রে) লাল প্রতিবন্ধক বাতি সূর্যাস্ত হতে সূর্যোদয় পর্যন্ত এবং খারাপ আবহাওয়ায় জ্বালিয়ে রাখতে হবে।
- (ঘ) সিএএবি'র মনোনীত প্রতিনিধি উইন্ড টারবাইন নির্মাণের জন্য প্রদত্ত উচ্চতায় নির্মাণ করা হয়েছে কিনা তা পরিদর্শন করার অধিকার সংরক্ষণ রাখবে।
- (ঙ) প্রকল্পের নির্মাণ কাজ শেষে TIC FEEDS বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ'কে অবশ্যই অবহিত করবে।
- ০৩। শমসেরনগর বিমানবন্দরের এরোড্রাম এলিভেশন (Mean Sea Level হতে উচ্চতা)-কে ভিত্তি বিবেচনায় উক্ত স্থানে অবকাঠামো নির্মাণের প্রাপ্য উচ্চতা নির্ধারণ করা হয়েছে। সুতরাং নির্মাণ স্থানের এলিভেশনের অতিরিক্ত হলে, অতিরিক্ত উচ্চতা অত্র পত্রের মাধ্যমে প্রদত্ত উচ্চতা হতে বাদ দিয়ে প্রস্তাবিত অবকাঠামো নির্মাণ করতে হবে।
- ০৪। নকশা অনুমোদনকারী সংস্থা প্রস্তাবিত স্থানে উপরোক্ত শর্তাবলীর আলোকে অনুমোদিত উচ্চতার মধ্যে উইন্ড টারবাইন/স্থাপনা নির্মাণ সীমিত রাখা নিশ্চিত করতে হবে।
- ০৫। সিএএবি'র ওয়েবসাইট (www.caab.gov.bd)-এ প্রকাশিত অনুমোদিত উচ্চতার ছাড়পত্রটি যাচাই করণের জন্য অনুরোধ করা যাচ্ছে।

Bhaque

১৩-০৪-২০২৫

মোঃ শামসুল হক

পরিচালক (এয়ার ট্রাফিক ম্যানেজমেন্ট-এটিএম)

০২৪১০৯১০৩১ (ফোন)

.. (ফ্যাক্স)

datm@caab.gov.bd

ব্যবস্থাপনা অংশীদার

টি আই সি ফিডস, হাউজ নং-৫১৮, (৩য় ফ্লোর), ৪-এ, রোড-০১, ধানমন্ডি, ঢাকা-১২০৫, বাংলাদেশ।

স্মারক নম্বর: ৩০.৩১.০০০০.০০০.১৪৪.০২.০০১৫.২১.১০৪/১ (২)

তারিখ: ৩০ চৈত্র ১৪৩১ বঙ্গাব্দ
১৩ এপ্রিল ২০২৫ খ্রিস্টাব্দ

অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। উপ-পরিচালক (সিএনএস), সিএনএস বিভাগ, বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ(ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)।

২। চেয়ারম্যান, ৫নং আন্দ্রিউড়া ইউনিয়ন পরিষদ কার্যালয়, উপজেলা-মাধবপুর, জেলা-হবিগঞ্জ।



Bhaque

১৩-০৪-২০২৫

মোঃ শামসুল হক

পরিচালক (এয়ার ট্রাফিক ম্যানেজমেন্ট-এটিএম)



বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ
সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা-১২২৯।
এটিএম (সদর দপ্তর) অধিশাখা
www.caab.gov.bd

স্মারক নম্বর: ৩০.৩১.০০০০.০০০.১৪৪.০২.০০০৪.২৩.১০৫

তারিখ: ৩০ চৈত্র ১৪৩১ বঙ্গাব্দ
১৩ এপ্রিল ২০২৫ খ্রিস্টাব্দ

বিষয়: স্থাপনা/ভবন নির্মাণে উচ্চতার ছাড়পত্র প্রসংগে।

সূত্র: ২৫.৩৬.৮৪০০.৩১০.১৬.০০১.২৪/৪৫৮, তারিখ:- ১২/১১/২০২৪ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয়ে সূত্রোউল্লিখিত পত্রের বরাতে জানানো যাচ্ছে যে, আবেদনপত্রে প্রদত্ত ভৌগলিক স্থানাংক: ২২°৩৯'৪৯.০০" উত্তর, ৯২°০৯'২২.০০" পূর্ব, এবং গুগল ম্যাপে প্রদত্ত ভৌগলিক স্থানাংক: ২২.৬৬২৪৭৮, ৯২.১৫৫৫০১-এর অবস্থানের সাথে মিল না থাকায় ও জমির তফসিল না থাকায় উচ্চতা নির্ধারণ করা সম্ভব হচ্ছে না।
উচ্চতার ছাড়পত্র প্রাপ্তির লক্ষ্যে সঠিক ভৌগলিক স্থানাংক এবং জমির তফসিল সহ পুনরায় আবেদন করার জন্য অনুরোধ করা হল।

Bhaque

১৩-০৪-২০২৫

মোঃ শামসুল হক

পরিচালক (এয়ার ট্রাফিক ম্যানেজমেন্ট-এটিএম)

০২৪১০৯১০৩১ (ফোন)

.. (ফ্যাক্স)

datm@caab.gov.bd

নির্বাহী প্রকৌশলী


রাঙ্গামাটি গণপূর্ত বিভাগ রাঙ্গামাটি। সদস্য সচিব, বিল্ডিং কনস্ট্রাকশন কমিটি রাঙ্গামাটি পার্বত্য জেলা।

স্মারক নম্বর: ৩০.৩১.০০০০.০০০.১৪৪.০২.০০০৪.২৩.১০৫/১ (১)

তারিখ: ৩০ চৈত্র ১৪৩১ বঙ্গাব্দ
১৩ এপ্রিল ২০২৫ খ্রিস্টাব্দ

অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। উপ-পরিচালক (সিএনএস), সিএনএস বিভাগ, বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ(ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)।



১৩-০৪-২০২৫

মোঃ শামসুল হক

পরিচালক (এয়ার ট্রাফিক ম্যানেজমেন্ট-এটিএম)